

স্মারক নং: ০৩.৮০৬.০০২.০০.০০.০২৬.২০১৬-৫০১৭

তারিখ: ১৪ নভেম্বর, ২০১৬ খ্রিঃ

বিষয়: ই-নামজারি সিস্টেম-এর পাইলট প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে নির্বাচিত উপজেলার ব্যবহারকারীদের প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্যে প্রশিক্ষকদের প্রশিক্ষণ (TOT) এ কর্মকর্তা/কর্মচারী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম সরকারি সেবাসমূহকে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। এরই অংশ হিসেবে ভূমিসেবাসংক্রান্ত সকল উদ্যোগসমূহকে একই প্ল্যাটফরমে আনয়নের লক্ষ্যে ভূমি তথ্য ও সেবা কাঠামো (Land Information and Service Framework: LISF বা জমি) তৈরী করা হয়েছে।

২। উপজেলা ভূমি অফিসের নামজারি সেবাকে সহজে ও কম ভোগান্তিতে সেবা-গ্রহীতাদের নিকট পৌঁছে দেয়া এবং সেবাদাতাদের জন্য এই সেবা কার্যক্রম দ্রুত, স্বচ্ছ ও সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে এটুআই এর উদ্যোগে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের মতামতের ভিত্তিতে ই-নামজারি নামক একটি অনলাইন সিস্টেম তৈরী করা হয়েছে যা ইতোমধ্যে ভূমি ও তথ্যসেবা কাঠামো (LISF) এ সংযুক্ত করা হয়েছে।

৩। ই-নামজারি সিস্টেম পাইলট আকারে বাস্তবায়নের জন্য সিলেট জেলার বিশ্বনাথ, পিরোজপুর জেলার পিরোজপুর সদর, ঝিনাইদহ জেলার ঝিনাইদহ সদর, সুনামগঞ্জ জেলার ছাতক, পাবনা জেলার চাটমোহর, সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ সদর এবং পঞ্চগড় জেলার পঞ্চগড় সদর উপজেলাকে ইতোমধ্যে নির্বাচন করা হয়েছে, যা এটুআই ও ভূমি সংস্কার বোর্ডের যৌথ উদ্যোগে বাস্তবায়ন করা হবে। উক্ত কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত ব্যবহারকারীদের প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্যে প্রশিক্ষকদের প্রশিক্ষণ (TOT) আগামী ২৫/১১/২০১৬ খ্রিঃ হতে ২৮/১১/২০১৬ খ্রিঃ সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৫.০০ টা পর্যন্ত প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রশিক্ষণ কক্ষে (কক্ষ নং- ২৩৭) এ অনুষ্ঠিত হবে।

৩। এমতাবস্থায়, ই-নামজারি সিস্টেম-এর পাইলট কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত তাঁর জেলার নিম্নবর্ণিত ০৪ (চার) জন কর্মকর্তা/কর্মচারীদের উক্ত প্রশিক্ষণে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

- (ক) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) অথবা সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসার,  
(খ) সংশ্লিষ্ট উপজেলার সহকারী কমিশনার (ভূমি),  
(গ) সহকারী প্রোগ্রামার অথবা সংশ্লিষ্ট উপজেলার টেকনিশিয়ান অথবা এ বিষয়ে কারিগরী জ্ঞানসম্পন্ন অন্য কোন কর্মচারী ও  
(খ) সংশ্লিষ্ট উপজেলার কানুনগো অথবা সার্ভেয়ার অথবা ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা অথবা যোগ্য অপর কোন কর্মচারী

জেলা প্রশাসক  
সিলেট/পিরোজপুর/ঝিনাইদহ/সুনামগঞ্জ/পাবনা/  
সিরাজগঞ্জ/পঞ্চগড়

(কবির বিন আনোয়ার)  
মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও  
প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই)  
প্রোগ্রাম

ই-মেইল: dg4@pmo.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, সিলেট/বরিশাল/রাজশাহী/খুলনা/রংপুর।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ, সিলেট/পিরোজপুর সদর, পিরোজপুর/ঝিনাইদহ সদর, ঝিনাইদহ/ছাতক, সুনামগঞ্জ/ চাটমোহর, পাবনা/সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ/পঞ্চগড় সদর, পঞ্চগড়।
- ৬। সহকারী কমিশনার (ভূমি), বিশ্বনাথ, সিলেট/পিরোজপুর সদর, পিরোজপুর/ঝিনাইদহ সদর, ঝিনাইদহ/ছাতক, সুনামগঞ্জ/ চাটমোহর, পাবনা/সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ/ পঞ্চগড় সদর, পঞ্চগড়।